

নির্দেশনা

Tutor Marked Assignment (TMA) কোর্সের একটি গুরুত্বপূর্ণ অংশ। এটি একটি চলমান মূল্যায়ন প্রক্রিয়া। এর মাধ্যমে বিষয়বস্তু সম্পর্কে শিক্ষার্থীর জ্ঞানের গভীরতা পরিমাপ করা হয়। শিক্ষার্থী যদি কোন কোর্সে TMA জমা না দেয় তবে তিনি উক্ত কোর্সের নৈর্ব্যক্তিক, রচনামূলক ও ব্যবহারিক পরীক্ষায় ভালো নম্বর পেলেও তার ফলাফল তৈরি করা হবে না এবং উক্ত কোর্সে তিনি অকৃতকার্য বলে বিবেচিত হবেন। কাজেই প্রত্যেক শিক্ষার্থীকে প্রতিটি কোর্সের TMA 01 ও TMA 02 যত্নসহকারে ও সুন্দরভাবে তৈরি করে নির্ধারিত সময়ের মধ্যেই নিম্নোক্ত ছক ব্যবহার করে (TMA জমা দেয়ার প্রমাণস্বরূপ) কোর্স টিউটরের কাছে জমা দিতে হবে। TMA জমা নেয়ার পর কোর্স টিউটরও অনুরূপ ছকে রেকর্ড রাখবেন ও তা স্কুলে পাঠিয়ে দিবেন। শিক্ষার্থীগণকে TMA লিখার সময় A4, ডিমাই বা ফুলস্ক্যাপ কাগজ ব্যবহার করতে হবে এবং প্রতি কোর্সের জন্য দুইটি TMA অর্থাৎ TMA 01 ও TMA 02 আলাদাভাবে তৈরি করতে হবে। প্রতিটি TMA এর প্রথম পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম, শিক্ষার্থীর নম্বর, টিউটোরিয়াল সেন্টারের নাম, TMA 01 বা TMA 02, কোর্স কোডসহ কোর্সের নাম, প্রোগ্রামের নাম এবং টার্ম নং উল্লেখ করতে হবে। দ্বিতীয় পৃষ্ঠা ফাঁকা থাকবে। তৃতীয় পৃষ্ঠা থেকে TMA এর প্রশ্নের উত্তর লেখা শুরু করতে হবে। TMA সংক্রান্ত যে কোন সমস্যা সমাধানের জন্য শিক্ষার্থীগণ সংশ্লিষ্ট কোর্স টিউটরের সঙ্গে যোগাযোগ করতে পারবেন।

টি.এম.এ জমা দেয়া ও জমা নেয়ার ছক

শিক্ষার্থীর নম্বর	শিক্ষার্থীর নাম	টি.এম.এ. জমাদানের তারিখ	শিক্ষার্থীর স্বাক্ষর	টিউটরের স্বাক্ষর

গবাদিপশু পালন (CLP 1301)

- TMA 01 : জমাদানের শেষ তারিখ - ২৭ সেপ্টেম্বর, ২০১৯ ৫
বাংলাদেশের গ্রামাঞ্চলে ছাগলের শীতকালীন যত্ন ও পরিচর্যা আলোচনা করুন।
- TMA 02 : জমাদানের শেষ তারিখ-০১ নভেম্বর, ২০১৯ ৫
গ্রামীণ পর্যায়ে দুধ উৎপাদন বৃদ্ধির জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করা দরকার বলে আপনি মনে করেন- আলোচনা করুন।

পোল্ট্রিপালন ও হ্যাচারি ব্যবস্থাপনা (CLP 1302)

- TMA 01 : জমাদানের শেষ তারিখ - ২৭ সেপ্টেম্বর, ২০১৯ ৫
আপনার এলাকায় ব্রয়লার বাজারজাত করণের সমস্যা ও প্রতিকারসমূহ আলোচনা করুন।
- TMA 02 : জমাদানের শেষ তারিখ - ০১ নভেম্বর, ২০১৯ ৫
বাংলাদেশে টার্কি পালনের সম্ভাবনা আলোচনা করুন।

গবাদিপশু ও পোল্ট্রির খাদ্য ও পুষ্টি (CLP 1203)

- TMA 01 : জমাদানের শেষ তারিখ - ২৭ সেপ্টেম্বর, ২০১৯ ৫
আপনার এলাকার সহজপ্রাপ্য খাদ্য উপকরণ ব্যবহার করে ৫০০টি ডিম পাড়া মুরগির খি-লেয়ার রেশন তৈরী করুন।
- TMA 02 : জমাদানের শেষ তারিখ-০১ নভেম্বর, ২০১৯ ৫
গৃহপালিত পশু ও পোল্ট্রির স্বাস্থ্য রক্ষায় বিভিন্ন খাদ্যেপাদানের ভূমিকা আলোচনা করুন।

কৃত্রিম প্রজনন ও খামার ব্যবস্থাপনা (CLP 1104)

- TMA 01 : জমাদানের শেষ তারিখ - ২৭ সেপ্টেম্বর, ২০১৯ ৫
বাংলাদেশে বিদ্যমান গাভীর জাতসমূহ কী কী? দেশী জাতের গাভীর দুধ ও মাংস উৎপাদন বাড়ানোর প্রয়োজনীয়তা রয়েছে কী-না? যুক্তিসহ তুলে ধরুন।
- TMA 02 : জমাদানের শেষ তারিখ-০১ নভেম্বর, ২০১৯ ৫
দুধ খামার ও মুরগীর খামার-এ দুটোর কোনটি আপনার এলাকায় বেশি জনপ্রিয়? যুক্তিসহ তুলে ধরুন।

গবাদিপশুর রোগ ও প্রতিরোধ (CLP 1305)

- TMA 01 : জমাদানের শেষ তারিখ - ২৭ সেপ্টেম্বর, ২০১৯ ৫
আপনার এলাকায় গবাদিপশুর কী কী রোগের প্রাদুর্ভাব রয়েছে? তালিকা প্রণয়নসহ রোগ প্রতিরোধে কী কী টিকা ব্যবহার করা হয় সেগুলো উল্লেখ করুন।
- TMA 02 : জমাদানের শেষ তারিখ-০১ নভেম্বর, ২০১৯ ৫
ক্ষুরা রোগ কেন দ্রুত ছড়ায়? একটি পশু ক্ষুরা রোগে আক্রান্ত হয়েছে কী-না তা কিভাবে বুঝবেন? এই রোগের প্রতিরোধ সম্পর্কে বিস্তারিতভাবে তুলে ধরুন।